

# আমার ছবিকথা

নাসের হোসেন

- ছবির প্রতি ভালোবাসা

ছবির প্রতি ভালোবাসা শিশুকাল থেকে।

- প্রেরণা

বাবা ও মা।

- প্রিয় চিত্রশিল্পী

অনেক চিত্রশিল্পীই প্রিয়। এ দেশি এবং বিদেশি।

এদেশের রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ, গগনেন্দ্রনাথ, নন্দলাল, বিনোদবিহারী, রামকিঙ্কর, বিকাশ ভট্টাচার্য প্রমুখ।


বিদেশের ভ্যান গগ, পল গাঁগা, পিকাসো, মিরো, কাঁদিনস্কি প্রমুখ।

- ভালোলাগা ছবি

সব মাধ্যমের কাজের মধ্যেই (সেই-সেই মাধ্যমের বিশেষত্ব সহ) আনন্দ খুঁজে পাই। ল্যাঙ্স্কেপ, পোর্ট্রেট, বিমূর্ত চিত্র – সবই ভালো লাগে।

- ছবি নিয়ে পড়া

আর্ট সম্পর্কিত যে-কোনো লেখাই হাতে পেলে পড়ে ফেলি, সেটা কোনো বইতেও থাকতে পারে, আবার কোনো পত্রিকাতেও থাকতে পারে। এদেশি ও বিদেশি বহু বই বিভিন্ন লাইব্রেরিতে বসে পড়েছি ও গভীর অভিনিবেশে নিরীক্ষণ করেছি প্রতিটি পৃষ্ঠা। বহরমপুরে



ডিস্ট্রিক্ট লাইব্রেরি, কলকাতায় আমেরিকান সেন্টার, ব্রিটিশ কাউন্সিল, ম্যাক্সমুলার ভবন, আলিয়ঁস ফ্রাঁসে প্রভৃতি লাইব্রেরির দীর্ঘদিন মেস্বার ছিলাম। এখনো রিনিউ করা যায়। খুব দরকার পড়লে করতে হবে। এছাড়া, ফুটপাত থেকে বিভিন্ন সময়ে অল্প দামে কিছু ভালো বই কিনেছি। কিন্তু যেহেতু প্রতি সপ্তাহে অনর্গল আমার জায়গা বদলায়, কোথায় কোন্ বই ও পত্রিকা রাখছি সবসময় খেয়াল পাই না। তখন কিছু লিখতে গেলে স্মৃতির উপরেই নির্ভর করতে হয়। যেহেতু আমি তখ্যের কোনোরকম বিচ্যুতি ঘটতে চাই না, তাই চেষ্টা করি কোনো না কোনো ভাবে প্রার্থিত বইটির কাছে পৌঁছে যেতে।

আমার একটি প্রিয় গ্রন্থের নাম 'চিত্রকর', লেখক বিনোদবিহারী মুখোপাধ্যায়।

### • ছবির বাড়ি বা বাড়ির ছবি

দুঃখিত। আমার বাড়িতে প্রখ্যাত কোনো শিল্পীর কোনো ওরিজিনাল পেইন্টিং নেই। তবে বেশ কিছু প্রখ্যাত শিল্পী ছোটো-ছোটো রেখাচিত্র ঐকে দিয়েছেন তাৎক্ষণিকভাবে, সেগুলো নিশ্চয়ই রাখা আছে। তরুণ শিল্পীদের মধ্যে কৃষ্ণজিৎ সেনগুপ্ত ও শান্তনু বন্দ্যোপাধ্যায়-এর পেইন্টিং আছে। কৃষ্ণজিৎ-এর ছবিটিতে তাঁর বিশেষত্বময় অবয়ব, রেখা ও রং। শান্তনু-র ছবিটিতে বিমূর্ততার অভিব্যক্তি বিরাজিত।

### • চিত্রকলা সচেতনতা নিয়ে

বাংলার সমাজ চিত্রকলা পছন্দ করেন, এটা আমি বিশ্বাস করি। তবে অনেকেই ছবির জগতের বিভিন্ন ঘরানার ছবি সম্পর্কে বিশেষ কিছু জানেন না। তবে আমি মনে করি তাঁদের যদি এ ব্যাপারে একটু উশকে দেওয়া যায়, তাহলে ছবির বিশাল জগৎ সম্পর্কে আকৃষ্ট হবে ও সে-সমস্ত প্রিন্ট বা অরিজিনাল সংগ্রহে সচেষ্ট হবেন।



### • সমাজে আর্ট আন্দোলনের প্রয়োজনীয়তা

আর্ট নিয়ে সামাজিক আন্দোলনের প্রয়োজন আছে।

'উদ্ভাস' চিত্রচর্চা সংস্থা যেভাবে কাজ করছে, সেটা বেশ ভালো পন্থা সমাজের সকল স্তরের মানুষকে শিল্পকলা সম্পর্কে আগ্রহী করে তোলায়। যেমন, একটি বিষয় ঠিক করে নিয়ে

ক্যালেন্ডার ছাপানো, নবীন ও প্রখ্যাত শিল্পীদের কাজ স্বল্পমূল্যে ছাপিয়ে নিকট-পরিসরে প্রচার করা, শিল্পীদের জীবন ও কাজ নিয়ে ডকুমেন্টারি ফিল্ম দেখানোর ব্যবস্থা করা। লিটল ম্যাগাজিনের মতোই সব ক'টি জেলার ছোটো-ছোটো পরিসরে নিয়মিতভাবে এই চর্চা-প্রক্রিয়া চলতে থাকলে বর্তমান অবস্থার পরিবর্তন হবেই, আজকের থেকে আরো বেশি সংখ্যক মানুষ শিল্পকলা সম্পর্কে আগ্রহী হয়ে উঠবেন, এ ব্যাপারে আমি নিশ্চিত।

- প্রথম ছবিটির শিল্পী নাসের হোসেন, দ্বিতীয় ছবিটির শিল্পী কাঁদিনস্কি।